

## মিউজু বাসের লক্ষ্য

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মূল লক্ষ্য হল বিজ্ঞান শিক্ষার প্রসার এবং বিজ্ঞানকে জনপ্রিয় করার মাধ্যমে বিজ্ঞান মনস্ক জাতি গঠন করা। ভ্রাম্যমাণ বিজ্ঞান প্রদর্শনী কার্যক্রমে সম্প্রতি সংযোজিত হয়েছে ৪-ডি মুভি বাস/থ্রিলার রাইডার উইথ প্রাইম মোভার। এ বাসের মাধ্যমে দেশব্যাপী বিজ্ঞান থিমসহ চতুর্মাত্রিক মুভি প্রদর্শনীর ব্যবস্থা রয়েছে। ছোট পরিসরে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের পরিষেবা দেশের অনাচে-কানাচে ছড়িয়ে দেয়া উদ্যোগ গ্রহণ করা হয়েছে। দেশের অধিকাংশ শিক্ষালয়ে বিজ্ঞান শিক্ষার ব্যবহারিক স্থাপনা নেই। মিউজু বাসের প্রদর্শনীবস্তুসমূহ ঐ সকল শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের প্রাতিষ্ঠানিক শিক্ষার পরিপূরক হিসেবে কাজ করে এবং অনেকটা শিক্ষামূলক বিনোদন জোগায়। এ মিউজু বাসের মূল লক্ষ্য হল দেশের প্রত্যন্ত অঞ্চলের শিক্ষার্থীদের মাঝে অপ্রাতিষ্ঠানিকভাবে বিনোদনের মাধ্যমে বিজ্ঞান শিক্ষাকে পৌঁছে দেয়া। এ লক্ষ্য বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠানটি নানাবিধ বিজ্ঞান বিষয়ক কর্মকান্ডের আয়োজন করে যাচ্ছে। প্রতিষ্ঠানের মূল কার্যক্রম হল বিজ্ঞান বিষয়ক প্রদর্শনীর মাধ্যমে বিজ্ঞানের বিভিন্ন সূত্র ও জটিল বিষয়কে শিক্ষার্থীদের নিকট এবং সাধারণ মানুষের মাঝে আনন্দ-বিনোদনের মাধ্যমে উপস্থাপন করা। ঢাকায় অবস্থিত একমাত্র স্থায়ী প্রদর্শনী কেন্দ্রে সারাদেশ থেকে শিক্ষার্থীদের এনে প্রদর্শনের সুযোগ না থাকায় বিজ্ঞানের বিভিন্ন সূত্র ও বিষয়কে সহজভাবে উপস্থাপনযোগ্য করে ভ্রাম্যমাণভাবে উপস্থাপন ও প্রদর্শনযোগ্য করে একটি একটি বাসে সংযোজন করা হয়েছে। উহাই ভ্রাম্যমাণ বিজ্ঞান প্রদর্শনী বা মিউজুবাস।